

## B.A. 4th Semester (Honours) Examination, 2019 (CBCS)

Subject : Bengali

2643

Paper : CC-8

Time: 3 Hours

Full Marks: 60

*The figures in the margin indicate full marks.**Candidates are required to give their answers in their own words  
as far as practicable.*

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

- ১। যে কোনো দশটি প্রশ্নের পূর্ণবাক্যে উত্তর লেখো : ২×১০=২০
- (ক) “ওরে, চারিদিকে মোর / এ কী কারাগার ঘোর—” বক্তা কে? কারাগার বলতে কী বোঝানো হয়েছে? ১+১=২
- (খ) “সে দিনের পরে গেছে কত শতবার”—কোন কবিতার অংশ? কোন দিনের কথা বলা হয়েছে? ১+১=২
- (গ) ‘দুই পাখি’ কবিতায় যে খাঁচার কথা আছে তার পরিচয় দাও। ২
- (ঘ) “হেথা মোর নবজন্ম লাভ”— বক্তা কে? ‘নব জন্মলাভ’ বলতে কী বুঝিয়েছেন? ১+১=২
- (ঙ) “শুনি সে বারতা / ছাত্রগণ মৃদুস্বরে আরম্ভিল কথা”— এখানে কার ‘বারতা’র কথা বলা হয়েছে? ‘বারতা’টি কী? ১+১=২
- (চ) ‘পৃথিবী’ কবিতাটি কোন কাব্যগ্রন্থ থেকে নেওয়া হয়েছে? কবিতাটির প্রথম চরণ উদ্ধৃত করো। ১+১=২
- (ছ) নামকবিতা কাকে বলে? তোমার পাঠ্য দুটি নামকবিতার নাম লেখো। ১+১=২
- (জ) “তেরিয়া হইয়া হাঁকিল মোল্লা—  
ভালা হল দেখি লেঠা”— ‘তেরিয়া’ শব্দের অর্থ লেখো। মোল্লা তেরিয়া হল কেন? ১+১=২
- (ঝ) “সম্মারাগে ঝিলমিলি ঝিলমের বাঁকা তলোয়ার”—কোন কবিতার অংশ? এই বর্ণনা রবীন্দ্রনাথের কোন কবিতায় আছে? ১+১=২
- (ঞ) পদাতিক কবি কাকে বলা হয়? তাঁর কোন কাব্যের কোন কবিতা তোমাদের পাঠ্য? ১+১=২
- (ট) “শহরে রোজ ট্রাফিক গর্জায়”—‘ট্রাফিক’ কথাটির অর্থ কী? এটি কোন কবিতার অংশ? ১+১=২
- (ঠ) “ভাবছি, ঘুরে দাঁড়ানোই ভালো”—বক্তা কে? তাঁর ঘুরে দাঁড়াতে চাওয়ার অর্থ কী? ১+১=২
- (ড) ‘উত্তরাধিকার’ কবিতার প্রথম চরণে কবি কাকে, কী দিয়েছিলেন? ১+১=২
- (ঢ) ‘যত কিছু সুর, যা-কিছু বেসুর বাজে / মেলাবেন।’— কোন কবিতার অংশ? কথাটির অর্থ কী? ১+১=২
- (ণ) ‘একখানা হাত’ কবিতায় বর্ণিত হাতের পরিচয় দাও। ২

- ২। যে কোনো চারটি প্রশ্নের উত্তর লেখো : ৫×৪=২০
- (ক) “আজি গুরুগৃহবাস / সমাপ্ত আমার”—বক্তা কে? তাঁর গুরুগৃহবাসের পরিচয় দাও। ১+৪=৫
- (খ) ‘আকাশ ভরে উঠত কেঁদে, “হারিয়ে গেছি আমি”’—এটি কোন কবিতার অংশ? অংশটির মর্মার্থ লেখো। ১+৪=৫
- (গ) “তুমি দ্বিজোত্তম, তুমি সত্যকুলজাত।”—কে, কাকে একথা বলেছেন? একথার তাৎপর্য আলোচনা করো। ১+৪=৫
- (ঘ) “আমি যেন সেই বাতিওয়ালা”—এটি কোন কাব্যের কোন কবিতার অংশ? বাতিওয়ালা প্রসঙ্গটির তাৎপর্য লেখো। ১+৪=৫
- (ঙ) ‘হারিয়ে’ কবিতার নিসর্গ চেতনার পরিচয় দাও। কবিতার শেষ পঙ্ক্তিটি লেখো। ৪+১=৫
- (চ) “স্বপ্নেও যে তোমার দেখা নেই।”—এখানে কার কথা বলা হয়েছে? কবির চোখে তার যে রূপ ধরা পড়ে তার পরিচয় দাও। ১+৪=৫

- ৩। নীচের প্রশ্নগুলির উত্তর লেখো : ১০×২=২০
- (ক) ‘মেঘদূত’ কবিতাটি কালিদাসের ‘মেঘদূত’ কাব্যের অভিনব সৃষ্টি—আলোচনা করো। রবীন্দ্রনাথের ‘মেঘদূত’ কোন কাব্যের কবিতা? ৯+১=১০

অথবা,

- ‘ছেলেটা’ কবিতার কাব্যসৌন্দর্য বিচার করে গল্পরসের লক্ষণ নির্দেশ করো। এই কবিতা কোন ছন্দে লেখা? ৯+১=১০
- (খ) ‘বনলতা সেন’ কবিতার প্রেমচেতনার স্বরূপ আলোচনা করো। কবিতাটির স্তবক ও পঙ্ক্তি সংখ্যা লেখো। ৯+১=১০

অথবা,

- “আমার সন্ততি স্বপ্নে থাক”—এটি কোন কবিতার পঙ্ক্তি? পঙ্ক্তিটি কবিতায় কতবার ব্যবহৃত হয়েছে? কবিতাটির কাব্যসৌন্দর্য বিচার করো। ১+১+৮=১০